

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
[করনীতি উইং]
www.nbr.gov.bd

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.০৭.০২৩.২৩/ ১৬৬


তারিখ: ২৫ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
০৮ এপ্রিল, ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: মোটরযানের ক্ষেত্রে অগ্রিম আয়কর (AIT) প্রযোজ্যতার বিষয়ে সাধারণ স্পষ্টীকরণ।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৫৩(৫) অনুযায়ী নিম্নবর্ণিত ব্যক্তিগণের ধারা ১৫৩(২) এর সারণীতে উল্লেখিত মোটরযান নিবন্ধন বা ফিটনেস নবায়নকালে কোন প্রকার অগ্রিম কর সংগ্রহ প্রযোজ্য হবে না মর্মে জাতীয় রাজস্ব বোর্ড সাধারণ স্পষ্টীকরণ জারী করল, যথা:

- (ক) সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ (স্থানীয় কর্তৃপক্ষ বলতে সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা বা ইউনিয়ন পরিষদ);
- (খ) সরকার বা স্থানীয় সরকারের অধীন কোনো প্রকল্প, কর্মসূচি বা কার্যক্রম;
- (গ) কোনো বৈদেশিক কূটনীতিক, বাংলাদেশস্থ কোনো কূটনৈতিক মিশন, জাতিসংঘ ও ইহার অঙ্গ সংগঠনের দপ্তরসমূহ;
- (ঘ) বাংলাদেশের কোনো বিদেশি উন্নয়ন অংশীদার এবং ইহার সংযুক্ত দপ্তর বা দপ্তরসমূহ;
- (ঙ) সরকারের এমপিওভুক্ত (Monthly Payment Order) কোনো শিক্ষা প্রতিষ্ঠান;
- (চ) সরকারি বিশ্ববিদ্যালয় (public university);
- (ছ) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা।

০২। অর্থাৎ, উল্লেখিত সকল ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের কোনো সনদের প্রয়োজন হবে না।


(বাপন কন্দু দাস)
দ্বিতীয় সচিব (কর আইন-১)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপক:

চেয়ারম্যান, বিআরটিএ,
বিআরটিএ ভবন, চেয়ারম্যান বাড়ী,
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।